

শিক্ষার্থীদের স্বাভাবিক জীবনে ফেরাতে কাজ করবে ডিএনসিসি

নিজস্ব প্রতিবেদক

৩০ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়



কোটা সংস্কার আন্দোলনে সৃষ্ট সহিংসতার ঘটনায় ক্ষতিগ্রস্ত ও মানসিকভাবে বিষাদগ্রস্ত শিক্ষার্থীদের ভয় কাটিয়ে স্বাভাবিক শিক্ষাজীবনে ফিরিয়ে আনতে ডিএনসিসি সরকারকে সর্বাত্মক সহযোগিতা করবে বলে জানিয়েছেন মেয়র মো. আতিকুল ইসলাম। এ বিষয়ে কয়েকটি সুপারিশ প্রস্তাব করেন তিনি। গতকাল বিকালে ডিএনসিসির নগর ভবনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করার নিমিত্তে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। মেয়র আতিকের সভাপতিত্বে সভায় ডিএনসিসি এলাকার বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের প্রধানগণ উপস্থিত ছিলেন।

মেয়র বলেন, কোটা সংস্কার আন্দোলনে সৃষ্ট সহিংসতায় আহত ও নিহতদের পাশে আমাদের দাঁড়াতে হবে। পাশাপাশি শিক্ষার্থীরা যেন স্বাভাবিক জীবন যাপনে আসতে পারে, সেই বিষয়ে আমরা সরকারকে সহযোগিতা করব। আলোচনায় শিক্ষার পরিবেশ ও শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে ফিরিয়ে আনার বিষয়ে উপাচার্য ও অধ্যক্ষদের সুপারিশ তুলে ধরে মেয়র বলেন, শিক্ষার্থীদের ট্রমা দূর করাসহ আইনগত সহায়তা দেওয়া, পুনরায় পাঠদান কীভাবে শুরু করা যায় বা অনলাইনে পাঠদান শুরু করা যায় কিনা সেটি ভেবে দেখা, সোশ্যাল ইনফ্লুয়েন্সারদের দিয়ে শিক্ষার্থীদের সঠিক পথে প্রভাবিত করা। সভায় আরও ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রী নাহিদ ইজহার খান, প্রফেসর আব্দুল মান্নান চৌধুরী, ইউল্যাবের ট্রাস্টি বোর্ডের সভাপতি কাজী আনিস আহমেদসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও কলেজের উপাচার্য ও অধ্যক্ষরা।

